গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়

১ম ১২তলা সরকারি অফিস ভবন (৪র্থ তলা)

সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

www.cgdf.gov.bd

বিষয়ঃ সিজিডিএফ কার্যালয়ে সম্প্রতি নিয়োগপ্রাপ্ত অডিটর এবং জুনিয়র অডিটর (এলডিএ-কাম-টাইপিস্ট) পদে যোগদানের জন্য প্রয়োজনীয় নির্দেশাবলী।

১. চূড়ান্তভাবে বিষয়োক্ত পদে নির্বাচিত প্রার্থীদের স্থায়ী ঠিকানায় ২৭/০৫/২০১৮ খ্রিঃ তারিখে নিয়োগপত্র ইস্যু করা হয়েছে।

২. আগামী ০৭/০৬/২০১৮ খ্রিঃ তারিখে (নির্ধারিত উক্ত তারিখের পূর্বে কিংবা পরে নয়) কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়, ১ম ১২তলা সরকারি অফিস ভবন (৪র্থ তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০ এ যোগদান করতে হবে।

৩. আগামী ০৫/০৬/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে নিয়োগপত্র না পেলে প্রবেশপত্রের মূলকপিসহ কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়, ১ম ১২তলা সরকারি অফিস ভবন (৪র্থ তলা) সেগুনবাগিচা, ঢাকা-১০০০ এর সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ দেয়া হলো।

৪. নমুনা অনুযায়ী নিম্নোক্ত কাগজপত্রাদি চাকরিতে যোগদানের সময় অবশ্যই দাখিল করতে হবে। অন্যথায় যোগদানপত্র গ্রহণ করা হবে না।

(ক) নিয়োগ বিজ্ঞপ্তির শর্ত অনুযায়ী সকল শিক্ষাগত যোগ্যতা, নাগরিকত্ব এবং কোটা সংক্রান্ত সনদপত্রের মূল কপি।
(খ) নিয়োগপত্রের মূল কপি।
(গ) ফরম-'ক' (কর্মচারী নিয়োগের জন্য বিবেচিত প্রার্থীর তদন্ত ফরম)।
(ঘ) ফরম-'খ' (অঙ্গীকারপত্র)।
(ঙ) ফরম-'গ' (চারিত্রিক সনদপত্র)।
(চ) ফরম-'ঘ' (স্বাস্থ্যবিষয়ক সনদপত্র)।
(ছ) যৌতুক সংক্রান্ত ঘোষণাপত্র।
(জ) সম্প্রতি তোলা পার্সপোর্ট সাইজের সত্যায়িত ০৩(তিন) কপি ছবি।

বরাবর

কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স
কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়
১ম ১২ তলা সরকারি অফিস ভবন (৪র্থ তলা)
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

বিষয়ঃ **অডিটর/জুনিয়র অডিটর (এলডিএ-কাম-টাইপিস্ট) পদে সরকারি চাকরিতে যোগদানের জন্য আবেদন।**

মহোদয়,

যথাবিহীত সম্মান প্রদর্শনপূর্বক বিনীত নিবেদন এই যে, আপনার কার্যালয় হতে ২৭/০৫/২০১৮ খ্রিঃ তারিখে ইস্যুকৃত নিয়োগপত্র নং-সিজিডিএফ/প্রশা/০১২-এপেক্স-ক-১৯শ/................ এর প্রেক্ষিতে আমি নিম্নস্বাক্ষরকারী অদ্য ০৭/০৬/২০১৮ খ্রিঃ তারিখ পূর্বাহ্নে/অপরাহ্নে আপনার কার্যালয়ে অডিটর/জুনিয়র অডিটর (এলডিএ-কাম-টাইপিস্ট) পদে যোগদান করতে ইচ্ছুক। বিষয়োক্ত পদে সরকারি চাকরিতে যোগদানের অনুমতি প্রদানের নিমিত্তে আমার নিয়োগপত্রের মূল কপিসহ যোগদানের আবেদনপত্র এবং সংযুক্তি কাগজপত্রাদি গ্রহণ করতে মহোদয়ের সদয় মর্জি হয়।

আমার বিস্তারিত তথ্যাদি নিম্নরূপঃ

১. নাম ঃ
২. পিতার নাম ঃ
৩. মাতার নাম ঃ
৪. স্বামী/স্ত্রীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ
৫. পরীক্ষার রোল নম্বর ঃ
৬. নিজ জেলা ঃ
৭. জন্ম তারিখ ঃ
৮. রক্তের গ্রুপ ঃ
৯. জাতীয় পরিচয়পত্র নম্বর ঃ
১০. শিক্ষাগত যোগ্যতা ও বিষয় ঃ
১১. মোবাইল নম্বর ঃ
১২. ই-মেইল (যদি থাকে) ঃ
১৩. বর্তমান ঠিকানা ঃ

১৪. স্থায়ী ঠিকানা ঃ

প্রার্থীর নামসহ স্বাক্ষর ঃ ....
তারিখ ঃ ০৭/০৬/২০১৮ খ্রিঃ, ঢাকা।

সংযুক্তিসমূহঃ (১) নিয়োগ বিজ্ঞপ্তির শর্ত অনুযায়ী সকল শিক্ষাগত যোগ্যতা, নাগরিকত্ব এবং কোটা সংক্রান্ত সনদপত্রের মূল কপি।
(২) নিয়োগপত্রের মূল কপি।
(৩) ফরম-'ক' (কর্মচারী নিয়োগের জন্য বিবেচিত প্রার্থীর তদন্ত ফরম)।
(৪) ফরম-'খ' (অঙ্গীকারপত্র)।
(৫) ফরম-'গ' (চারিত্রিক সনদপত্র)।
(৬) ফরম-'ঘ' (স্বাস্থ্যবিষয়ক সনদপত্র)।
(৭) যৌতুক সংক্রান্ত ঘোষণাপত্র।
(৮) সম্প্রতি তোলা পার্সপোর্ট সাইজের সত্যায়িত ০৩(তিন) কপি ছবি।

ফরম -‘ক’

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধীনে একজন অধস্তন কর্মচারী নিয়োগের জন্য বিবেচিত প্রার্থীর তদন্ত ফরম

আমি (নাম)...

(পদের নাম) .... নিয়োগের একজন প্রার্থী হিসেবে

এতদ্বারা প্রত্যয়ন করছি যে, নিম্নলিখিত প্রশ্নগুলোর উপর আমার উত্তর সত্য।

(ক) এ নিয়োগের পূর্বে আপনি কি সরকারের অন্য কোনো বিভাগে চাকরিরত ছিলেন ?

হ্যাঁ / না

আপনার উত্তর হ্যাঁ হলে পদের নাম উল্লেখসহ যে মন্ত্রণালয় / বিভাগ / অফিসে নিয়োজিত ছিলেন তা উল্লেখ করতে হবে।

....

....

(খ) আপনি কি কখনও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধীনে চাকরির জন্য দরখাস্ত করে অকৃতকার্য হয়েছেন ?

হ্যাঁ / না

আপনার উত্তর হ্যাঁ হলে যে মন্ত্রণালয় / বিভাগ/অফিসে আবেদন করেছিলেন তার নাম এবং যে নিয়োগের জন্য দরখাস্ত করেছিলেন তার পদবী নিম্নে প্রদর্শন করতে হবে।

....

আমি অনুধাবন করছি যে, আমার উপরোক্ত বর্ণনার কোনো তথ্য/প্রমাণক অসত্য প্রমাণিত হলে অথবা আমার পূর্বতন চাকরি সম্পর্কে কোনো তথ্য গোপন করলে আমার এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

প্রার্থীর স্বাক্ষর (নামসহ) ঃ ....

স্থান ঃ..

তারিখ ঃ ....

ফরম - ‘খ’ (অঙ্গীকার পত্র)

আমি জানি সরকারের অধীন আমার নিয়োগ অস্থায়ী এবং কোনো রকম কারণ দর্শানো ব্যতিরেকে ন্যূনপক্ষে ১৪ দিনের নোটিশে যেকোনো সময় আমার চাকরি বাতিল হয়ে যেতে পারে। আমি সম্মত আছি যে, যদি আমি আমার নিয়োগকৃত পদ হতে পদত্যাগ করতে চাই তা হলে ন্যূনপক্ষে ১৪ দিনের লিখিত নোটিশ দিতে বাধ্য থাকব অথবা তা দিতে ব্যর্থ হলে তদপরিবর্তে অনধিক ১৪ দিনের বেতন যা নিয়োগকারী কর্তৃপক্ষ ধার্য করবেন তা সরকারের নিকট জমা দেব। আমি আরও অবগত আছি যে, যদি আমি ধার্যকৃত নোটিশ ব্যতিরেকে অথবা উক্ত নোটিশের মেয়াদ অতিক্রান্ত হওয়ার পূর্বে আমি আমার কর্তব্য পালন হতে অনুপস্থিত থাকি তা হলে আমি অসদাচরণের জন্য দোষী সাব্যস্ত হবো এবং তজ্জন্য সরকারের অধীনে চাকরি পাওয়ার জন্য অযোগ্য হিসেবে ঘোষিত হবো।

প্রার্থীর স্বাক্ষর (নামসহ) ঃ ....

স্থান ঃ..

তারিখ ঃ ....

ফরম - ‘গ’ (চারিত্রিক সনদপত্র)

প্রত্যয়ন করা যাচ্ছে যে, জনাব ...., পিতা/স্বামী জনাব...,গ্রামঃ.....................................,ডাকঘরঃ..............................., উপজেলাঃ...,জেলাঃ...বিগত .... বৎসর যাবৎ আমার পরিচিত। আমার জানামতে তিনি সৎ ও উন্নত চরিত্রের অধিকারী এবং তাঁর অতীত জীবনের এমন কোনো দোষ নেই যাতে তিনি সরকারী চাকরি পাওয়ার অনুপযুক্ত হতে পারেন।

জনাব ....আমার আত্মীয় সূত্রে পরিচিত নহেন।

১ম শ্রেণির সরকারি গেজেটেড

কর্মকর্তার স্বাক্ষর (নামসহ) ঃ ....

তারিখ ঃ ....

পদবী ঃ ....

কর্মরত কার্যালয়ের ঠিকানা ঃ..

ফরম- ‘ঘ’ (সরকারি চাকরির জন্য প্রার্থীর স্বাস্থ্যবিষয়ক সার্টিফিকেট)

এতদ্বারা প্রত্যয়ন করা যাচ্ছে যে, ডিফেন্স ফাইন্যান্স ডিপার্টমেন্টে চাকরির জন্য প্রার্থী জনাব ...., কে পরীক্ষা করেছি এবং ....ব্যতীত তাঁর শরীরে এমন কোনো সংক্রামক রোগ, শারীরিক বা গঠনগত দুর্বলতা বা আঙ্গিক অক্ষমতা পাই নি। ডিফেন্স ফাইন্যান্স ডিপার্টমেন্টে নিয়ুক্তির জন্য আমি তাঁকে অযোগ্য বলে মনে করি/করি না। তাঁর বয়স নিজ বর্ণনানুযায়ী .... বৎসর .... মাস এবং চেহারা দৃষ্টে প্রায় .... বৎসর ....মাস। সংশ্লিষ্ট প্রার্থীর রক্তের গ্রুপ ...., উচ্চতা ...., দৃষ্টি শক্তি ....। প্রার্থীর দস্তখত ঃ.. তারিখঃ .... উক্ত প্রার্থীর দস্তখত আমার সম্মুখে গ্রহণ করা হলো।

সিভিল সার্জন এর স্বাক্ষর ঃ
(নামীয় সীল মোহরসহ)

ঘোষণাপত্র

আমি নিম্নস্বাক্ষরকারী নিয়োগপত্রের অনুচ্ছেদ নম্বর- ৩(ঙ) মোতাবেক অঙ্গীকার করছি যে, নিজের জন্য বা পরিবারের অন্য সদস্যের জন্য যৌতুক দেব না এবং নিজের জন্য বা পরিবারের অন্য সদস্যের জন্য যৌতুক নেব না।

প্রার্থীর নামসহ স্বাক্ষর ঃ ....

তারিখ ঃ ০৭/০৬/২০১৮ খ্রিঃ, ঢাকা।